**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-07-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট নিয়ে আজ আলোচনা শুরু হয়েছে।**

**(২) লোকসভায় বাজেট অংশ নিয়ে আজ সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, এই বাজেটে কৃষক, মহিলা, যুবা এবং এমএসএমই-এর ওপর বিশেষ আলোকপাত করা হয়েছে ।**

**(৩) রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন অংশে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থা মাটির নিচে দিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেছে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম।**

**(৪) প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেটে, খেলো ইন্ডিয়ার জন্য বিশেষ বরাদ্দে রাখা হয়েছে ।**

*******************************************

**Budget discussion :**

লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট নিয়ে আজ আলোচনা শুরু হয়েছে। কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীরের ২০২৪-২৫ সালের বাজেট নিয়েও একইসঙ্গে আলোচনা চলে।

আলোচনার সূচনা করে, কংগ্রেসের কুমারী সেলজা বলেন যে দেশে দিন দিন বেকারত্ব বাড়ছে। সরকার কেন কেন্দ্রীয় সরকারের বিভাগগুলিতে শূন্যপদ পূরণের পদক্ষেপ নিচ্ছে না এই বিষয়ে প্রশ্ন তোলেন তিনি। তিনি অগ্নিবীর প্রকল্প নিয়ে সরকারের সমালোচনা করেন।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন কেন্দ্রীয় বাজেটে কিছু রাজ্যের বিরুদ্ধে বৈষম্যের অভিযোগ প্রত্যাখ্যান করেছেন। আজ রাজ্যসভায় শূণ্যকালে বিরোধীদের অভিযোগের জবাবে, তিনি পাল্টা অভিযোগ করেন যে কংগ্রেসের নেতৃত্বে বিরোধীদের দ্বারা ইচ্ছাকৃতভাবে জনগণকে এই ধারণা দেওয়ার চেষ্টা করা হচ্ছে যে বিরোধী শাসিত রাজ্যগুলিকে কিছুই দেওয়া হয়নি। তিনি স্পষ্ট করে বলেন যে প্রতিটি বাজেটে দেশের প্রতিটি রাজ্যের নাম বলার সুযোগ পাওয়া যায় না। কিন্তু তার অর্থ এই নয় যে, বাজেট বক্তৃতায় কোনও নির্দিষ্ট রাজ্যের নাম না থাকলে কেন্দ্রীয় সরকারের কর্মসূচিগুলি ঐ রাজ্যগুলিতে যায় না।

এর আগে, বিরোধী নেতা মল্লিকার্জুন খাড়গে বিষয়টি উত্থাপন করে অভিযোগ করেন যে কেন্দ্রীয় বাজেটে সরকারকে বাঁচানোর চেষ্টা করা হয়েছে। তিনি বলেন, বিরোধীরা এর প্রতিবাদ করবে।

তিনি আরও বলেন, বাজেটে ভারসাম্য না থাকলে উন্নয়ন সম্ভব নয়। মন্ত্রীর প্রতিক্রিয়ার পর বিরোধী দলগুলি রাজ্যসভা থেকে ওয়াকআউট করে।

লোকসভাতেও বিরোধী দলগুলি একই বিষয়ে সংসদ থেকে ওয়াকআউট করেন। সভায় কংগ্রেস, সমাজবাদী পার্টি, ডিএমকে, টিএমসি এবং অন্যান্য দলের সদস্যরা অন্ধ্রপ্রদেশ এবং

বিহার ছাড়া অন্য রাজ্যগুলির সঙ্গে কথিত বৈষম্যের প্রতিবাদ করেন। অধ্যক্ষ ওম বিড়লা সংসদে বিরোধীদের আচরণে আপত্তি তোলেন । তিনি বলেন, পূর্বপরিকল্পিতভাবে প্রশ্নোত্তর পর্বে সংসদের কাজ বিঘ্নিত করা ঠিক নয়।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুও বিরোধী সদস্যদের আচরণ নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, সর্বদলীয় বৈঠকে সব রাজনৈতিক দলের নেতৃবৃন্দ সংসদকে সুষ্ঠুভাবে পরিচালনা করতে সম্মত হয়েছেন। তিনি আরও বলেন, প্রশ্নোত্তর পর্বে সংসদে প্রতিবাদ করা ঠিক নয়।

***************************

**Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় বাজেট আলোচনায় অংশ নিয়ে এই বাজেটে কৃষক, মহিলা, যুবা এবং এমএসএমই-এর ওপর বিশেষ আলোকপাত করা হয়েছে। তিনি বলেন, মূলধন ব্যয়ের জন্য ১৮.২ শতাংশ বরাদ্দ করা হয়েছে যার ফলে পরিকাঠামোর উপর বিশেষ জোর দেওয়া হবে এবং কাজের সুযোগ বাড়বে।

তিনি আরও বলেন, তরুণদের ৫০০টি কোম্পানিতে প্রশিক্ষণের সুযোগ দেওয়া হবে। তিনি বলেন, প্রশিক্ষনার্থীদের প্রথম মাসে ছ'হাজার টাকা করে দেওয়া হবে এবং তার পরের মাসগুলিতে পাঁচ হাজার টাকা করে দেওয়া হবে। তিনি আরও বলেন যে এই বছরের বাজেট প্রস্তাবে MGNREGA-তে ২৫ হাজার কোটি টাকা বাড়ানো হয়েছে।

**************************

**TSECL MD :**

রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন অংশে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থা মাটির নিচে দিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেছে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম। আজ আগরতলায় নিগমের প্রধান কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা, রাজ্য বিদ্যুৎ নিগমের নব নিযুক্ত ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু একথা জানান। তিনি বলেন আগরতলা, ছাড়াও ধর্মনগর, উদয়পুর ও এডিসি সদর খুমুলুঙ্গে মাটির নিচ দিয়ে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। এর জন্য ২০০০ কোটি টাকা খরচ হবে। এই কাজের জন্য ডিপিআর অর্থাৎ চুড়ান্ত প্রজেক্ট রিপোর্ট তৈরি করা হচ্ছে। এম ডি জানান বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ গতকাল নিগম কার্যালয়ে বিভিন্ন বিদ্যুৎ সংস্থার আধিকারীকদের সঙ্গে বৈঠক করে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আরও কার্যকর করার জন্য কিছু পরামর্শ দিয়েছেন। নিগম সেই পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে বলে, তিনি জানান। তিনি বলেন, শারদীয়া পূজার দিনগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের উদ্দেশ্যে আগামী মাসের প্রথম সপ্তাহে নিগমের প্রাক পূজা মেরামতের কাজ শুরু হবে। তিনি জানান, রাজ্যে বিদ্যুতের চাহিদা বাড়ছে। বাংলাদেশেও বিদ্যুৎ সরবরাহ করা হয়। নিগমের সংযোগ ব্যবস্থা ও বিভিন্ন এপের মাধ্যমে নিগমের সঙ্গে বিদ্যুৎ গ্রাহকদের সংযোগ প্রনালীকে শক্তিশালী করা হবে বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে নিগমের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*****************************

**Election campaign :**

খয়েরপুর বিধানসভার অন্তর্ভুক্ত পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১২ নম্বর আসনের বিজেপি মনোনীত প্রার্থী বিশ্বজিৎ শীল আজ বাড়ি বাড়ি ভোট প্রচার শুরু করেন। পূর্ব চম্পামুড়া শিব বাড়ি এলাকা থেকে এই প্রচার কর্মসূচি শুরু করেন তিনি। প্রচার কর্মসূচি শুরুর আগে এক কর্মী সভায় প্রার্থী বিশ্বজিৎ শীল সহ মন্ডল সভাপতি ও অন্যান্যরা সাংগঠনিক বিষয়ে আলোচনা করেন।

সূর্যমণি নগর বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৫ নম্বর আসনের বিজেপি প্রার্থী অবিনাশ দাস, পঞ্চায়েত সমিতির প্রার্থী ভুবন সাহাও আজ বাড়ি বাড়ি প্রচার শুরু করেন।

***************************

**Training of Polling Personel :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ ঊনকোটি জেলার চন্ডীপুর ব্লকের ভোটকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত প্রশিক্ষণে ৩৫৪ জন ভোটকর্মী অংশ নেন। সুচারুভাবে ভোটপর্ব সম্পন্ন করতে ভোটকর্মীদের দায়িত্ব কর্তব্য এবং রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

উল্লেখ্য, চন্ডীপুর ব্লকে ১৪টি গ্রাম পঞ্চায়েত রয়েছে। পোলিং বুথ রয়েছে ৫৯টি। রিটার্নিং অফিসার তথা চন্ডীপুর ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার এক সাক্ষাৎকারে জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের

ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ প্রথম পর্যায়ে ভোটকর্মীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

*****************************

**Election, Force :**

আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। ইতিমধ্যে ১৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে এসে পৌঁছেছে। আইজি (আইন শৃঙ্খলা) অনন্ত দাস জানিয়েছেন বাকি কোম্পানিগুলিও খুব শীঘ্রই রাজ্যে পৌঁছে যাবে।

***************************

**Railway recruitment :**

২০১৪ সাল থেকে ভারতীয় রেলে পাঁচ লক্ষেরও বেশি নিয়োগ করা হয়েছে। আজ লোকসভায় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এই কথা জানিয়ে বলেন, রেলওয়ে গ্রুপ সি বিভাগে বিভিন্ন পদে নিয়োগের জন্য এই বছর একটি বার্ষিক ক্যালেন্ডার প্রকাশের ব্যবস্থা করেছে।

তিনি বলেন যে, রেলওয়ে সুরক্ষা বাহিনীতে সহকারী লোকো পাইলট, টেকনিশিয়ান, সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলের পদগুলি পূরণের জন্য এই বছরের জানুয়ারি থেকে মার্চের মধ্যে ৩২ হাজারেরও বেশি শূন্যপদের বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। মন্ত্রী জানান, ২০২০ থেকে ২০২২ সালের মধ্যে রেলওয়েতে মোট এক লক্ষ ৩০ হাজার ৫৮১ জন প্রার্থীকে নিযুক্তি দেয়া হয়েছে। লোকো পাইলটদের কাজের অবস্থা এবং ট্রেন পরিচালনার নিরাপত্তা সম্পর্কে শ্রী বৈষ্ণব বলেন, লোকো চালনাকারী ক্রুদের কাজের

অবস্থার উন্নতি এবং ট্রেন পরিচালনার নিরাপত্তার উন্নতির জন্য বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানের ১১২তম পর্বে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

******************************

**DG meeting :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন আজ গন্ডাতুইসার আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করেছেন। আমবাসায় ধলাই জেলার পুলিশ সদর দপ্তরে পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন গোয়েন্দা বিভাগের পুলিশের মহানির্দেশক অনুরাগ, টিএস আর এর আইজি ডি আই জি ইন্টালিজেন্স সহ রাজ্যের আট জেলার পুলিশ সুপার। পুলিশ মহানির্দেশক গন্ডাতুইসার ধলাই জেলা পুলিশের ভূমিকায় প্রশংসা করেছেন। তিনি পঞ্চায়েত নির্বাচনে

আইন শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ অধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

*****************************

**CRS portal :**

সিআরএস পোর্টালে বা নাগরিক নিবন্ধন পদ্ধতিতে জন্ম ও মৃত্যু নথিভুক্তকরণ প্রক্রিয়া নিয়ে আজ পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। মুক্তধারা অডিটোরিয়ামে প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন সেন্সাস অপারেশনের অধিকর্তা রবীন্দ্র রিয়াং। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস এবং মুখ্য স্বাস্থ্য আধিকারিক রঞ্জন বিশ্বাস প্রমুখ। অধিকর্তা রবীন্দ্র রিয়াং বলেন, আরবিডি (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০২৩ অনুসারে ১লা অক্টোবর, ২০২৩ এর পর যারা এদেশে জনন্মগ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে জন্মের প্রমানপত্র হিসাবে কেবলমাত্র 'বার্থ সার্টিফিকেট' কেই গ্রাহ্য করা হবে। সরকারি এবং বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে মারা গেলে মৃত্যুর সঠিক কারণ উল্লেখ করা সার্টিফিকেট সংশ্লিষ্ট রেজিস্ট্রারের কাছে এবং মৃত ব্যক্তির নিকট আত্মীয়কে দিতে হবে। তাছাড়া জন্ম ও মৃত্যুর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ৭ দিনের মধ্যে বিনামূল্যে তা প্রদান করতে হবে।

জন্ম ও মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত সফট্ওয়্যার এর উপর একদিনের এই কর্মশালায় পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত মহকুমা শাসক সজল বিশ্বাস বলেন এই পদ্ধতির ফলে জন্ম বা মৃত্যু হলে তা সরকারি খাতায় সরাসরি নথিভুক্ত হয়ে যাবে। সেক্ষেত্রে জন্ম বা মৃত্যুর সার্টিফিকেট হারিয়ে গেলেও তা সরকারি খাতায় সংরক্ষিত

থাকবে। শ্রী বিশ্বাস বলেন উন্নত দেশ গুলিতে জনগণনা করতে হয়না। কারণ এই সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে জন্ম বা মৃত্যু হলে নিজের থেকেই তা নথিভুক্ত হয়ে যায়।

*****************************

**Sikkha saptah :**

শিক্ষা সপ্তাহ উপলক্ষে ড্রাগ এবং অন্যান্য নেশার বিরুদ্ধে রাজ্যের বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকারা আজ মানববন্ধন কর্মসূচি পালন করেন। এই বিষয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা জানান বর্তমানে রাজ্যে মাদকাসক্তির প্রবণতা প্রতিনিয়ত বেড়ে চলেছে এবং তা আমাদের যুব সমাজ সহ সমাজকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে। তাই অবিলম্বে মাদকের এই আসক্তির ভয়াবহতা সম্পর্কে সকলকে সচেতন করতে এই কর্মসূচি বলে জানান তিনি।

******************************

**Education week :**

শিক্ষা সপ্তাহ উদযাপনের তৃতীয় দিনে আজ মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে বৃক্ষরোপণ, খেলাধুলা ও ড্রাগ বিরোধী সচেতনতামূলক মানব শৃংখল বন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে শিক্ষা সপ্তাহ বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন স্কুলের প্রধান শিক্ষক নন্দন সরকার। অনুষ্ঠানে সহকারী প্রধান শিক্ষিকা প্রীতি দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মেয়র সহ অন্যান্য অতিথিরা বিদ্যালয়ে ফুল ও ফলের চারা গাছ রোপন করেন। উল্লেখ্য জাতীয় শিক্ষানীতি ২০২০-র চার বছর

পূর্তি উপলক্ষে গোটা রাজ্যেই ২২ জুলাই থেকে ৭ দিনব্যাপী নানা অনুষ্ঠানে শুরু হয়েছে।

*****************************

**Cancer Screening :**

ক্যান্সার রোগীদের যত্ন ও সংশ্লিষ্ট বিষয়ে আজ ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমা হাসপাতালে এক প্রশিক্ষণ কর্মসূচি ও ক্যান্সার সনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য আধিকারিকরা এতে অংশ নেন। এই কর্মসূচি পরিচালনা করেন, ক্যান্সার রোগ বিশেষজ্ঞ ডাঃ অরূপ রায় বর্মণ।

*****************************

**CPIM :**

সিপিআইএম দলের উদ্যোগে আজ বিলোনিয়ায় দলের শ্রীরামপুর অঞ্চল সম্পাদক প্রয়াত বাদল শীলের স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর, প্রাক্তন বিধায়ক সুধন দাস, তাপস দত্ত প্রমুখ বক্তব্য রাখেন। সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সরকার, শাসক দল কর্তৃক অগনতান্ত্রিক কাজকর্মের অভিযোগ করেন। গতকাল সংসদে পেশ হওয়া কেন্দ্রীয় বাজেটেরও সমালোচনা করেন তিনি।

*******************************

**Khelo India :**

অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের পেশ করা কেন্দ্রীয় বাজেটে, সরকারের অগ্রাধিকার ভিত্তিক ক্রীড়া উদ্যোগ, ক্রীড়া মন্ত্রকের

খেলো ইন্ডিয়ার জন্য বিশেষ বরাদ্দে রাখা হয়েছে। তৃণমূল স্তরে খেলাধুলাকে উৎসাহিত করার লক্ষ্যে এই খাতে ৩,৪৪২ কোটি টাকার বেশি সামগ্রিক ক্রীড়া বাজেট থেকে ৯০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এটি আগের বছরের সংশোধিত বরাদ্দ থেকে ২০ কোটি টাকা বেশি। উল্লেখ্য, খেলো ইন্ডিয়া দেশজুড়ে তৃণমূল পর্যায়ে খেলাধুলার প্রচারে অগ্রণী ভূমিকা পালন করছে। এর লক্ষ্য তরুণ প্রতিভাকে লালন করা এবং দেশব্যাপী খেলাধুলার পরিকাঠামো উন্নত করা।

*******************************